

সুরঞ্জিত বললেন
যেভাবে ছাত্রদের নামিয়েছেন
অনুমোদন বাতিল হলে
কোথায় যাবেন

নিজস্ব প্রতিবেদক >

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের চলমান আন্দোলন নিরসনে দ্রুত সরকারকে উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়েছেন আইন বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সুরঞ্জিত সেনগুপ্ত। তবে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে তিনি এ-ও বলেন, 'যেভাবে ছাত্রদের নামাইয়া দিয়েছেন, তার পেছনটাও দেখতে হবে। যদি অনুমোদন বাতিল হয়ে যায়, তাহলে কোথায় যাবেন?' তিনি বলেন, ড্যাট নিয়ে সৃষ্ট সমস্যা সংকটে পরিণত হওয়ার আগেই সমাধান করতে হবে। অন্যথায় জটিলতার সৃষ্টি হতে পারে।

জাতীয় সংসদের মিডিয়া সেটারে গতকাল রবিবার দুপুরে এক প্রেস ব্রিফিংয়ে সুরঞ্জিত সেনগুপ্ত এসব কথা বলেন। সংসদীয় কমিটির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত তুলে ধরার লক্ষ্যে তিনি এ প্রেস ব্রিফিং করেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি আরোপিত ড্যাট পুনর্বিবেচনার আহ্বান জানিয়ে বলেন, 'আমি আগেও বলেছি বিষয়টি পুনর্বিবেচনা করা দরকার। তবে ছাত্ররা যেভাবে রাস্তায় নেমেছে সেটাও গ্রহণযোগ্য নয়। বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্দেশ্যে তিনি বলেন, 'আপনি নান প্রফিটেবল বলে প্রক্টিং করে নিবেন। আর সরকারকে কিছু দেবেন না, তা তো হয় না।'

সুরঞ্জিত সেনগুপ্ত শিক্ষামন্ত্রীর উদ্দেশ্যে বলেন, 'আমাদের শিক্ষামন্ত্রী যেসব 'হলিপিট' কথা বলছেন, সেটা ঠিক না। আপনি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিলেন কেন, আর দিলেনই যদি তাহলে এগুলো চলে না কেন?'